77

দৈনিক বাংলা

তারিখ ... 17 MAR 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪ ...

# খুলনা বিএল কলেজ অনির্দিষ্টকাল বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা ঃ খুলনা, ১৬ মার্চ।– অব্যাহত সন্ত্রাসের মুখে সরকারী বিএল বিশ্ববিদ্যালয় কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ এবং সকল প্রকার কার্যক্রম বন্ধ ঘোষণা করেছেন। অনার্স এবং মাষ্টার্স শ্রেণীতে ভর্তি কার্যক্রম স্থগিত এবং বিএল কলেজ কেন্দ্রে রাজশাহী ও জাতীয় বিশ্ববিদ্যালয় ঘোষিত সকল পরীক্ষা বন্ধ ঘোষণা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিএল কলেজ শিক্ষক মিলনায়তনে অধ্যক্ষ প্রফেসর কাজী রফিকুল হকের সভাপতিত্বে টিচার্স কাউন্সিলের এক অধিবেশনে এ সিদ্ধান্ত নেয়া হয়। অধিবেশনে বিগত কয়েকদিন যাবৎ কলেজ ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনাবলীর পুংখানুপুংখ পর্যালোচনা করেই এ সিদ্ধান্ত নেয়া হয়।